অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বাফেলো ইউনিভার্সিটির প্রকৌশল এবং ফলিত বিজ্ঞান স্কুল ভবনের জন্য 102 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের সূচনা ঘোষণা করলেন

2023 অর্থবছরের বাজেট থেকে পাওয়া 68 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি স্টেটের STEM কর্মীবাহিনী বিকাশে সাহায্য করতে নির্মাণ প্রকল্প শুরু করলো

গভর্নর ক্যাথি হোকল আজকে একটি 102 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের সূচনা ঘোষণা করলেন যা বাফেলো ইউনিভার্সিটির (University at Buffalo, UB) প্রকৌশল এবং ফলিত বিজ্ঞান (Engineering and Applied Sciences) স্কুলের জন্য একটি নতুন ভবন গঠন করবে। প্রকল্পের তহবিলের মধ্যে রয়েছে 2023 অর্থবছরের স্টেট বাজেট (State Budget) থেকে পাওয়া 68 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি। নতুন ভবনটিতে UB-র প্রকৌশল এবং ফলিত বিজ্ঞান স্কুলের জন্য তৈরি হবে এবং এর ফলে ইউনিভার্সিটি বর্ধিত ভর্তি চাহিদা পূরণ করতে পারবে এবং একই সাথে স্টেটের বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, গণিত (Science, Technology, Engineering, and Mathematics, STEM) কর্মীবাহিনীর বিকাশ করতে পারবে।

"নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) ফ্ল্যাগশিপ ইউনিভার্সিটিগুলির একটি হিসেবে, আমরা বাফেলো ইউনিভার্সিটিতে বিনিয়োগ করছি যাতে এটিকে প্রযুক্তি এবং অগ্রগতির ইকোসিস্টেম তৈরির বিশ্বমানের একটি গবেষণা প্রতিষ্ঠানে পরিণত করতে পারি," **গভর্নর হোকল বলেন।** "এই বিনিয়োগগুলি কোম্পানিগুলিকে নিউ ইয়র্কের উদীয়মান উন্নত গবেষণা কেন্দ্রে আকৃষ্ট করার মাধ্যমে অর্থনৈতিক মুনাফা নিয়ে আসবে, STEM-এ কর্মসংস্থানের বিকাশ করবে, এবং আগামী অনেক দশকের জন্য সম্প্রদায়সমূহকে শক্তিশালী করবে।"

শুধু গত 10 বছরে, স্কুলে আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থী ভর্তির সংখ্যা 60 শতাংশ বৃদ্ধি পেয়েছে, এবং গ্র্যাজুয়েট শিক্ষার্থী ভর্তির সংখ্যা 110 শতাংশ বৃদ্ধি পেয়েছে। গত ফল মৌসুমে, স্কুলে রেকর্ড 7,401 সংখ্যক শিক্ষার্থী ভর্তি হয়েছে।

প্রকৌশল ভবনটি ইউনিভার্সিটির অ্যামহার্স্টের নর্থ ক্যাম্পাসে অবস্থিত হবে। এটি দেশের শীর্ষ সরকারি গবেষণা ইউনিভার্সিটিগুলির একটি হিসেবে UB-র স্থান আরো মজবুত করবে। এছাড়াও ভবনটি UB-কে স্টেটের STEM কর্মীবাহিনী বৃদ্ধি ও বৈচিত্র্যময় করতে সাহায্য করবে, এবং এটি

কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম বিজ্ঞান, উন্নত পদার্থ এবং অন্যান্য রূপান্তরকারী ক্ষেত্রে পাণ্ডিত্যপূর্ণ গবেষণা এবং উদ্ভাবন দ্বারা অর্থনৈতিক বিকাশ চালিত করবে।

ভবনটিতে একটি "প্রকৌশল কমন্স" থাকবে যেখানে শিক্ষার্থীদের ক্লাবের জন্য সমবেত হওয়ার স্থান থাকবে এবং একই সাথে সৃষ্টির স্থান, শিক্ষার্থীদের সমর্থক সেবা এবং স্টার্টআপ কোম্পানি গঠন ও অন্যান্য উদ্যোগ কর্মকাণ্ডকে সমর্থন করে এমন কর্মসূচি থাকবে।

UB-র পরিকল্পিত সম্প্রসারণের মাধ্যমে, ইউনিভার্সিটি এছাড়াও সুবিধাবঞ্চিত ব্যাকগ্রাউন্ডের আরো বেশি শিক্ষার্থী জোগাড় ও ধরে রাখতে পারবে, যা প্রকৌশল শিক্ষার্থীদের শ্রেণীকে বৈচিত্র্যময় করার জন্য একটি অগ্রাধিকার। UB নিয়মিত সম্প্রদায়ের সংগঠনগুলির সাথে অংশীদারিত্ব করে থাকে যাতে মিডল ও হাই স্কুলের শিক্ষার্থীদেরকে STEM ক্ষেত্র এবং সম্ভাব্য ক্যারিয়ারের জন্য প্রস্তুত করতে সাহায্য করতে পারে। টেক স্যাভির (Tech Savvy) মতো কর্মসূচির মাধ্যমে, UB দিনব্যাপী STEM ক্যারিয়ার সম্মেলন আয়োজন করে যা মেয়েদের এই ক্ষেত্রে আকৃষ্ট করে এবং পরিবারগুলিকে STEM শিক্ষা ও ক্যারিয়ার সম্পর্কে জানায়। অন্যান্য অংশীদারিত্বের মধ্যে, UB জাতীয় গ্রিড (National Grid) এবং ওয়েস্টমিনিস্টার কমিউনিটি চার্টার স্কুলের (Westminster Community Charter School) সাথে কাজ করে STEM মেন্টরিং কর্মসূচি প্রদান করে, যার মধ্যে রয়েছে শ্রেণীকক্ষে বিজ্ঞান শিক্ষার সাথে একত্রে UB-তে হাতে কলমে বৈজ্ঞানিক পরীক্ষা করা।

SUNY-র অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ এফ. স্ট্যানলি বলেন, "শেষ হওয়ার পর ভবনটি UB-র দ্রুততম বর্ধমান কর্মসূচিগুলির একটির আবাস হবে এবং আমাদের STEM শিক্ষার্থীদের এবং আগামী প্রজন্মের উজ্জ্বল ও অগ্রগামী নেতাদের জন্য একটি উদ্ভাবনী কেন্দ্র হয়ে উঠবে। আমি ধন্যবাদ জানাচ্ছি গভর্নর হোকল, অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ নেতা পিপলস-স্টোকস, সিনেটর কেনেডি, এবং সম্পূর্ণ স্টেট অ্যাসেম্বলি ও সিনেটকে, অত্যাধুনিক এই ফ্যাসিলিটি এবং নিউ ইয়র্কের শিক্ষার্থীদের উদ্যোগ সংক্রান্ত সুযোগে তাদের এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য।"

বাফেলো ইউনিভার্সিটির প্রেসিডেন্ট সতীশ কে. ত্রিপাঠি বলেন, "একটি নতুন প্রকৌশল ভবন দীর্ঘদিন ধরেই আমার শীর্ষ অগ্রাধিকারগুলির একটি, যেহেতু এটি শুধু আমাদের পণ্ডিত সম্প্রদায়ের উপর নয়, বরং আমরা যাদের সেবাদান করি এমন অনেক সম্প্রদায়ের উপর একটি রূপান্তরকারী প্রভাব ফেলবে। সেখানে তৈরি প্রযুক্তির কল্যাণে, যা ব্যবসা ও শিল্পে বিকাশ ও প্রাণশক্তি সঞ্চার করবে, এবং সেখানে শিক্ষালাভ করা শিক্ষার্থীদের কল্যাণে, যারা উচ্চ দক্ষতার কর্মক্ষেত্রে নিজেদের দক্ষতা দিয়ে অবদান রাখবে, এই অঞ্চল, স্টেট এবং তার বাইরের অর্থনৈতিক সুবিধাও সম্প্রসারিত হবে। আমরা গভর্নর হোকল এবং আমাদের পশ্চিম নিউ ইয়র্কের প্রতিনিধি দলের প্রতি অত্যন্ত কৃতজ্ঞ, UB-র শ্রেষ্ঠত্বের মিশনে তাদের অবিচল অঙ্গীকারের জন্য।"

প্রকৌশল এবং ফলিত বিজ্ঞান স্কুলের ডিন কেম্পার লুইস বলেন, "নতুন ভবনের ব্যাপারে সবকিছুই শিক্ষার্থীদের অভিজ্ঞতা উন্নত করতে নকশা করা হবে। এটি একটি কেন্দ্রীয় জমায়েত স্থান হবে যেখানে শিক্ষার্থীদের এমন একটি স্থানে স্বাগত জানানো হবে এবং সমর্থন করা হবে

যেখানে তাদেরকে তাদের বুদ্ধিগত কৌতূহল নিয়ে কাজ করতে এবং একটি সমাজ হিসেবে আমরা যেই বড় বড় সমস্যার সম্মুখীন হচ্ছি তা সমাধানের চেষ্টা করতে দেওয়া হবে।"

স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন, "স্টেটের এই প্রতিশ্রুতি হলো বাফেলো ইউনিভার্সিটির প্রকৌশল ও ফলিত বিজ্ঞান স্কুলের প্রতি এবং STEM খাতে সুযোগসন্ধানী শিক্ষার্থীদের প্রদত্ত অতুলনীয় শিক্ষার প্রতি আমাদের আত্মবিশ্বাসের একটি প্রতিফলন। এটি তহবিল দিয়ে, আমরা শুধু বাফেলোর শিক্ষার্থী অভিজ্ঞতায় বিনিয়োগ করছি না, বরং আমাদের বৃহত্তর কর্মীবাহিনী এবং টেকসই, উদ্ভাবনী, এবং গবেষণাকেন্দ্রিক ক্যারিয়ারেও বিনিয়োগ করছি।"

স্টেটের সিনেটর এডওয়ার্ড রাথ দ্য থার্ড বলেন, "যখন আমরা এই বছরের বাজেট অধিবেশনে এই প্রস্তাবিত সম্প্রসারণটির কথা জানতে পারি, তখন পশ্চিমের পুরো প্রতিনিধিদল UB-র এবং তাদের প্রকৌশল ও ফলিত বিজ্ঞান স্কুলের প্রতি তাৎক্ষণিক সমর্থন দেখিয়ে অগ্রসর হয়। আমি UB এবং আমাদের সম্পূর্ণ সম্প্রদায়ের জন্য আনন্দিত। এটি সেই বিনিয়োগ যা আমাদের স্টেটের জন্য অবিলম্বে ফল প্রদান করবে কারণ এটি আমাদের প্রকৌশলীদের একবিংশ শতাব্দীর চাকরিতে সফল হওয়ার জন্য প্রশিক্ষণ প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারেন ম্যাকম্যাহন বলেন, "যখন বাফেলো ইউনিভার্সিটি তাদের ভর্তির সংখ্যা বাড়াতে প্রথম এই নতুন প্রকৌশল ভবনটির প্রস্তাবনা দেয়, তখনই আমি এই প্রকল্পের সমর্থক হয়ে উঠি। UB সম্প্রসারিত হতে পারবে এবং আরো বেশি প্রতিশ্রুতিশীল প্রকৌশলীকে দারুণ শিক্ষা দিতে পারবে যা পশ্চিম নিউ ইয়র্ক এবং তার বাইরের বৈচিত্র্যকেও প্রতিফলিত করবে। আমি খুশি যে এটি আমাদের গভর্নরের, এবং আইনসভায় আমার সহকর্মীদের সমর্থনে ফলপ্রসূ হচ্ছে।"

68 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল হলো SUNY সিস্টেমে গভর্নর হোকল এবং স্টেটের আইনপ্রণেতাদের করা নজিরবিহীন বিনিয়োগের একটি অংশ, যার মধ্যে রয়েছে পরিচালনা এইডে 255 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি, এবং শুধু SUNY-র জন্য 660 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অতিরিক্ত মূলধন। UB-তে এমন বিনিয়োগ ইউনিভার্সিটিকে এর দেশের শীর্ষ 25 সরকারি গবেষণা ইউনিভার্সিটি হয়ে উঠার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনে সাহায্য করবে।

এই প্রচেষ্টায়, ইউনিভার্সিটির উদ্দেশ্য হলো পাণ্ডিত্যপূর্ণ উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং UB-র সার্বিক গবেষণা পোর্টফোলিওতে বৈচিত্র্য এনে আরো বড় সামাজিক প্রভাব অর্জন করা; শিক্ষার্থীদের উদ্ভাবনী, গবেষণা কেন্দ্রিক শিক্ষা অভিজ্ঞতা প্রদান করা; ইউনিভার্সিটির সকল ব্যাপারে আরো অন্তর্ভুক্তির সংযোজন করে UB-র সমতার সংস্কৃতিকে আরো অগ্রসর করা; এবং ইতিবাচক স্বাস্থ্য ফলাফল ও অর্থনৈতিক প্রাণশক্তিতে অবদান রাখার জন্য অংশীদারিত্ব জোরদার করার মাধ্যমে অঞ্চলের সাথে আরো নিবিড়ভাবে জড়িত হওয়া।

বাফেলো ইউনিভার্সিটির ব্যাপারে

বাফেলো ইউনিভার্সিটি একটি শীর্ষস্থানীয় গবেষণা-কেন্দ্রিক সরকারি ইউনিভার্সিটি এবং এটি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির একটি ফ্ল্যাগশিপ প্রতিষ্ঠান। UB-র 32,000-র বেশি শিক্ষার্থী 500টির বেশি আন্ডারগ্র্যাজুয়েট, গ্র্যাজুয়েট এবং পেশাদারি ডিগ্রি কর্মসূচির মাধ্যমে নিজেদের

একাডেমিক লক্ষ্য পূরণ করে। 1846 সালে প্রতিষ্ঠিত বাফেলো ইউনিভার্সিটি আমেরিকান ইউনিভার্সিটি অ্যাসোসিয়েশনের (Association of American Universities, AAU) একটি সদস্য, যা আমেরিকার শীর্ষ গবেষণা ইউনিভার্সিটিগুলিকে নিয়ে গঠিত হয়েছে। AAU-র 65টি গবেষণা ইউনিভার্সিটি শিক্ষা, গবেষণা এবং উদ্ভাবনের মাধ্যমে জীবনকে বদলে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418